**প্রেস বিজ্ঞপ্তি**

# জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
# বিভিন্ন অপরাধে ৮৬টি প্রতিষ্ঠানকে ৪.৪৪ লক্ষ টাকা জরিমানা

**২৩ আগস্ট ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ২৫ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, কিশোরগঞ্জ, মাদারীপুর, নারায়ণগঞ্জ, শেরপুর, গোপালগঞ্জ, ফরিদপুর, ভোলা, ব্রাহ্মণবাড়ীয়া, নড়াইল, সুনামগঞ্জ, পঞ্চগড়, চট্টগ্রাম, বান্দরবান, কুমিল্লা, ফেনী, চাঁপাইনবাবগঞ্জ, হবিগঞ্জ, পিরোজপুর, পটুয়াখালী, ঝালকাঠি এবং নীলফামারীতে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনী কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর মুগদা এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে নিউ পলিভিটা ব্রেড এন্ড বিস্কুটকে **২,০০০/- (দুই হাজার)** টাকা এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে কাজী লিটন হোটেল, ভাই ভাই হোটেল ও SFC রেস্টুরেন্টকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা করে **১৫,০০০/- (পনের হাজার)** টাকাসহ মোট **১৭,০০০/- (সতের হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে ঢাকা মহানগরীর আদাবর এলাকায় মেয়াদ উত্তীর্ণ পণ্য ও ঔষধ বিক্রয়ের অপরাধে বরিশাল ফার্মেসী, সুবর্ণা ফার্মেসী, ক্লিনিক বাড়ী ও কুমিল্লা ফার্মেসীকে যথাক্রমে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, **১৫,০০০/- (পনের হাজার)** টাকা, **১০,০০০/- (দশ হাজার)** টাকা ও **১৫,০০০/- (পনের হাজার)** টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে আল শেফা ফার্মেসীকে **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **৬০,০০০/- (ষাট হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: ইব্রাহীম হোসেনের নেতৃত্বে কিশোরগঞ্জের কটিয়াদি উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, মাদারীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জান্নাতুল ফেরদাউসের নেতৃত্বে মাদারীপুরের শিবচর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগমের নেতৃত্বে নারায়ণগঞ্জ সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **২,০০০/- (দুই হাজার)** টাকা, শেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আরিফুল ইসলামের নেতৃত্বে শেরপুরের নাকলা উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা, গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামীম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জের কাশিয়ানী উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১৪,০০০/- (চৌদ্দ হাজার)** টাকা, ফরিদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: নাজমুল হাসানের নেতৃত্বে ফরিদপুর সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত)** টাকাসহ মোট **৫৩,৫০০/- (তিপ্পান্ন হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা করা, ওজনে কারচুপি এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ মহিউদ্দীন মিরাজের নেতৃত্বে ভোলা সদর উপজেলায় **৭টি** প্রতিষ্ঠানকে **৮৯,০০০/- (উননব্বই হাজার)** টাকা, ব্রাহ্মণবাড়ীয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে ব্রাহ্মণবাড়ীয়ার আশুগঞ্জ উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৪১,০০০/- (একচল্লিশ হাজার)** টাকা, নড়াইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসানের নেতৃত্বে নড়াইল সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **২,০০০/- (দুই হাজার)** টাকা, সুনামগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সুনামগঞ্জের জামালগঞ্জ উপজেলায় **৮টি** প্রতিষ্ঠানকে **১৮,৫০০/- (আঠার হাজার পাঁচশত)** টাকা, পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: হেলাল উদ্দীনের নেতৃত্বে পঞ্চগড় সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১১,৭০০/- (এগার হাজার সাতশত)** টাকা, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের ইপিজেড থানা এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **৮,৫০০/- (আট হাজার পাঁচশত)** টাকা, চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের পাঁচলাইশ থানা এলাকায় **১টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, বান্দরবান জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: সুলতান মাহমুদ মিলনের নেতৃত্বে বান্দরবান সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তারের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের ইপিজেড থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **১৩,০০০/- (তের হাজার)** টাকা এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,০০০/- (দুই হাজার)** টাকা প্রদান করা হয়, কুমিল্লা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আছাদুল ইসলামের নেতৃত্বে কুমিল্লা জেলার সদর দক্ষিণ উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, ফেনী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সোহেল চাকমার নেতৃত্বে ফেনী সদর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **১৩,০০০/- (তের হাজার)** টাকা, চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: হাসান-আর-মারুফের নেতৃত্বে চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১২,০০০/- (বার হাজার)** টাকা, হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আল-আমিনের নেতৃত্বে হবিগঞ্জের বানিয়াচং উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৭,৫০০/- (সাত হাজার পাঁচশত)** টাকা, পিরোজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে পিরোজপুরের মাঠবাড়িয়া উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১৮,০০০/- (আঠার হাজার)** টাকা, পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের

নেতৃত্বে পটুয়াখালীর গলাচিপা উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, ঝালকাঠি জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠি সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা এবং নীলফামারী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে নীলফামারীর সৈয়দপুর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১৫,৫০০/- (পনের হাজার পাঁচশত)** টাকাসহ মোট **২,৭৭,২০০/- (দুই লক্ষ সাতাত্তর হাজার দুইশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, ওজনে কারচুপি, দৈর্ঘ্য পরিমাপের কার্যে ব্যবহৃত পরিমাপক ফিতাতে কারচুপি, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে **৩টি** প্রতিষ্ঠানকে **১৬,৫০০/- (ষোল হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৩ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৪,১২৫/- (চার হাজার একশত পঁচিশ)** টাকা প্রদান করা হয়।

চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামান কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে কর্ণফুলি এন্টারপ্রাইজকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

বানদরবান জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: সুলতান মাহমুদ মিলন কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে মেসার্স ফিস্ট রেস্টুরেন্টকে **২,০০০/- (দুই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫০০/- (পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

আজকের **২৫টি** বাজার তদারকির ও **৭টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৮৬টি** প্রতিষ্ঠানকে মোট **৪,৪৪,২০০/- (চার লক্ষ চুয়াল্লিশ হাজার দুইশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **৭ জন** অভিযোগকারীকে মং **৯,১২৫/- (নয় হাজার একশত পঁচিশ)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।


স্বাক্ষরিত/-
(রিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd


**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, রংপুর ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, কিশোরগঞ্জ, মাদারীপুর, নারায়ণগঞ্জ, শেরপুর, গোপালগঞ্জ, ফরিদপুর, ভোলা, ব্রাহ্মণবাড়ীয়া, নড়াইল, সুনামগঞ্জ, পঞ্চগড়, চট্টগ্রাম, বান্দরবান, কুমিল্লা, ফেনী, চাঁপাইনবাবগঞ্জ, হবিগঞ্জ, পিরোজপুর, পটুয়াখালী, ঝালকাঠি এবং নীলফামারী।
৭। পুলিশ সুপার, ঢাকা, কিশোরগঞ্জ, মাদারীপুর, নারায়ণগঞ্জ, শেরপুর, গোপালগঞ্জ, ফরিদপুর, ভোলা, ব্রাহ্মণবাড়ীয়া, নড়াইল, সুনামগঞ্জ, পঞ্চগড়, চট্টগ্রাম, বান্দরবান, কুমিল্লা, ফেনী, চাঁপাইনবাবগঞ্জ, হবিগঞ্জ, পিরোজপুর, পটুয়াখালী, ঝালকাঠি এবং নীলফামারীত।
৮। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।